গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
নবায়নযোগ্য জ্বালানি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.powerdivision.gov.bd

স্মারক নং- ২৭.০০.০০০০.০০০.০৯৬.২২.০০০১.২৫.৪৭৭ | তারিখ: ০৮ পৌষ ১৪৩২ / ২৩ ডিসেম্বর ২০২৫

# পরিপত্র

**বিষয়: নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানকালে নেট মিটারসহ রুফটপ সোলার সিস্টেম স্থাপন**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইতোমধ্যে বিদ্যুৎ বিভাগ থেকে জারীকৃত নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানকালে ভবনে সোলার প্যানেল স্থাপন সংক্রান্ত নির্দেশনাসমূহ (২৩/১০/২০২৩ এর ২৭.০০.০০০০.০৯৬.১৪.০১৩.২২-১১৯ এবং ২০/১১/২০২৫ এর ২৭.০০.০০০০.০০০.০৯৬.২২.০০০২.২৫-৪৪৫ নং স্মারক) বাতিলপূর্বক নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানের সময় নেট মিটারিং পদ্ধতিতে সোলার প্যানেল স্থাপন সংক্রান্ত নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

কমপক্ষে ২০ (বিশ) বছর ব্যবহারযোগ্য ভবনের ছাদে ১০০০ বর্গফুট বা তার বেশি জায়গা থাকলে নেট মিটারিং পদ্ধতিতে রুফটপ সোলার প্যানেল স্থাপন করতে হবে। এক্ষেত্রে:

**১। আবাসিক গ্রাহক:**

ক) সিঙ্গেল ফেজ (Single Phase) সংযোগের ক্ষেত্রে ইমারত হলে বাংলাদেশ জাতীয় বিল্ডিং কোড-২০০৬ (সংশোধিত ২০২০) এর নির্দেশনা অনুযায়ী রুফটপ সোলার সিস্টেম স্থাপন করতে হবে।

খ) থ্রি ফেজ (Three Phase) সংযোগের ক্ষেত্রে ১০ (দশ) কিলোওয়াট বা তদূর্ধ্ব লোড বরাদ্দপ্রাপ্ত গ্রাহকদের কমপক্ষে ০৩ (তিন) কিলোওয়াট বা ৩০০০ ওয়াট নেট মিটারিং সোলার সিস্টেম স্থাপন করতে হবে।

**২। শিল্প ও বাণিজ্যিক গ্রাহক:**

ছাদে প্রয়োজনীয় জায়গা থাকা সাপেক্ষে ১০ বা তদূর্ধ্ব কিলোওয়াট লোড বরাদ্দপ্রাপ্ত বিদ্যুৎ গ্রাহকগণের অনুমোদিত লোডের কমপক্ষে ২০% ক্ষমতার সোলার সিস্টেম নেট মিটারিং নির্দেশিকা-২০২৫ অনুসরণ করে স্থাপন করতে হবে। তবে অনূর্ধ্ব ১০ কিলোওয়াট লোড বরাদ্দপ্রাপ্ত গ্রাহকগণ আগ্রহী হলে নেট মিটারিং নির্দেশিকা-২০২৫ এর অনুচ্ছেদ ৩.৩ অনুযায়ী রুফটপ সোলার সিস্টেম বসাতে পারবেন।

**৩। শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতাল ও দাতব্য প্রতিষ্ঠান:**

ক) সিঙ্গেল ফেজ (Single Phase) সংযোগের ক্ষেত্রে বাংলাদেশ জাতীয় বিল্ডিং কোড-২০০৬ (সংশোধিত ২০২০) এবং জাতীয় রুফটপ সোলার কর্মসূচির নির্দেশনা অনুযায়ী রুফটপ সোলার সিস্টেম স্থাপন করতে হবে।

খ) থ্রি ফেজ (Three Phase) সংযোগের ক্ষেত্রে ১০ (দশ) কিলোওয়াট বা তদূর্ধ্ব লোড বরাদ্দপ্রাপ্ত গ্রাহকদের কমপক্ষে ০৫ (পাঁচ) কিলোওয়াটের বা ৫০০০ ওয়াট নেট মিটারিং সিস্টেম স্থাপন করতে হবে।

চলমান পাতা-০২

৪। ইতোমধ্যে বিদ্যুৎ সংযোগ প্রাপ্ত গ্রাহকগণ যারা বরাদ্দকৃত লোড বৃদ্ধি করতে চান তাদেরকেও অতিরিক্ত অনুমোদিত লোডের উপর উল্লিখিত হার অনুযায়ী নেট মিটারিং নির্দেশিকা-২০২৫ অনুযায়ী সোলার সিস্টেম স্থাপন করতে হবে।

৫। নেট মিটারিং নির্দেশিকা -২০২৫ অনুযায়ী গ্রাহক ইচ্ছে করলে অনুমোদিত লোডের ১০০% পর্যন্ত সোলার সিস্টেম স্থাপন করতে পারবে।

৬। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৩/১২/২৫

(তাহমিলুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন-০২-৪৭১২১৫৫৬
ই-মেইল: re-2@pd.gov.bd

বিতরণ: সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১। চেয়ারম্যান, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা), আইইবি ভবন, ঢাকা।
০২। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বিদ্যুৎ ভবন, ঢাকা।
০৩। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকা।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ডিপিডিসি), বিদ্যুৎ ভবন, ঢাকা।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিঃ (ডেসকো), খিলক্ষেত, ঢাকা।
০৬। ব্যবস্থাপনা পরিচালক, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ, বিদ্যুৎ ভবন, বয়রা, খুলনা।
০৭। ব্যবস্থাপনা পরিচালক, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিঃ (নেসকো), বিদ্যুৎ ভবন, রাজশাহী।

সদয় অবগতির জন্য অনুলিপি:
১। উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য);
২। সচিবের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);